

.রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

অপারেশন-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/০২ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-৫২-আইন/২০১৬ —Explosives Act, 1884 (IV of 1884) এর section 5 এ  
প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এলপিজি বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া উক্ত  
Act এর section 18 এর বিধান মোতাবেক এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৫৩ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ উপ-বিধি (৬) সংযোজিত  
হইবে, যথা :—

”(৬) উপ-বিধি (১) অনুসারে নির্মিত সিলিন্ডার বাজারজাতকরণের অনুমতি লাভের জন্য<sup>১</sup>  
প্রথম ১,০০০ (এক হাজার) সিলিন্ডারের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা এবং পরবর্তী  
প্রতি ১,০০০ (এক হাজার) সিলিন্ডার বা উহার অংশ বিশেষের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা  
হারে সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা ফি প্রদান করিয়া আবেদন করিতে হইবে।”।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট  
ব্যক্তিকে উহা, এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে,  
নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী  
প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে এই বিভাগ উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত  
সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৯৪৯)

মূল্য : টাকা ৪.০০